



# বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক কার্যালয়

রাঙ্গামাটি।

www.krishibank.org.bd

"পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন"

ফোন নং : ০৩৫১-৬৩১৫৭ (অফিস)

০৩৫১-৬২৭২০

ফ্যাক্স নং : ০৩৫১-৬৩১৫৭

mrangamati@krishibank.org.bd

## বিকেবি, আঞ্চলিক/মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১

অদ্য ১৫-০৩-২০২১ খ্রিঃ রোজ সোমবার বেলা ৩.৩০ ঘটিকার সময় আঞ্চলিক ব্যবস্থাপক, জনাব মাহমুদুল আলম চৌধুরী এর সভাপতিত্বে বিকেবি, আঞ্চলিক/মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ক্রম নং	কর্মকর্তাগণের নাম	পদবী	কর্মস্থল	কমিটির পদবী
১	২	৩	৪	৫
০১।	জনাব সুশীল কুমার বিশ্বাস	আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা(সমব্য)	আনিকা রাঙ্গামাটি	সদস্য
০২।	জনাব মোহাম্মদ কামরুল হাসান	ব্যবস্থাপক (উঃস্বঃকঃ)	রাঙ্গামাটি শাখা	সদস্য
০৩।	জনাব মৃদুময় চাকমা	মুখ্য কর্মকর্তা	আকা, রাঙ্গামাটি	সদস্য সচিব

০২। সভার আলোচ্য বিষয়সমূহ :


- ক) কৃষি ও পল্লী ঋণ
- খ) পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থা
- গ) মানি লন্ডারিং
- ঘ) গ্রাহক পর্যায়ে প্রদত্ত সেবা প্রদান


০৩। আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কমিটি কর্তৃক আলোচ্য বিষয়সমূহ পর্যালোচনা :


বিকেবি, আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কমিটি সদস্য সচিব জনাব মৃদুময় চাকমা সভাকে কৃষি ও পল্লী ঋণ সম্পর্কে জানান যে, কোভিড-১৯ প্রাদুর্ভাব এর কারণে অত্র অঞ্চলাধীন প্রতিটি শাখায় লক্ষ্যমাত্রার বিপরীতে সুষ্ঠু ও স্বচ্ছতার সহিত ঋণ বিতরণ করা হচ্ছে এবং যে সকল শাখা আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করেন সে সকল শাখাকে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা হয়েছে। পরিবেশ ও সামাজিক ঝুঁকি যেমন কোভিড ভাইরাস হতে যেন সকল কর্মকর্তা/কর্মচারী এবং সম্মানিত গ্রাহকগণ সুরক্ষা পায় সে বিষয়ে প্রতিটি শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। মানি লন্ডারিং আইন-২০১২ সম্পর্কে প্রতিটি শাখাকে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং এ সম্পর্কে শাখার কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণ ব্যাপারে আলোচনা হয়। জাতির জনক বঙ্গবন্ধু এবং বাংলাদেশের স্বপ্ন শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে হাসিমুখে প্রতিটি গ্রাহককে সেবা প্রদানের জন্য আলোচনা হয়।


০৪। বিকেবি, আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কমিটি কর্তৃক আলোচ্য বিষয়সমূহের পর্যালোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য এবং পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপকগণকে পরামর্শ প্রদান করা হয়।

পরিশেষে সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মৃদুময় চাকমা)  
মুখ্য কর্মকর্তা  
বিকেবি, আঞ্চলিক কার্যালয়,  
রাঙ্গামাটি ও  
সদস্য সচিব  
বিকেবি, শুদ্ধাচার পুরস্কারের  
আঞ্চলিক বাচাই কমিটি

  
(মোহাম্মদ কামরুল হাসান)  
ব্যবস্থাপক (উঃস্বঃকঃ)  
বিকেবি, রাঙ্গামাটি শাখা ও  
সদস্য  
বিকেবি, শুদ্ধাচার পুরস্কারের  
আঞ্চলিক বাচাই কমিটি

  
(সুশীল কুমার বিশ্বাস)  
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা  
বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা  
কার্যালয়, রাঙ্গামাটি ও  
সদস্য  
বিকেবি, শুদ্ধাচার পুরস্কারের  
আঞ্চলিক বাচাই কমিটি

  
(মাহমুদুল আলম চৌধুরী)  
আঞ্চলিক ব্যবস্থাপক  
বিকেবি, আঞ্চলিক কার্যালয়,  
রাঙ্গামাটি ও  
সভাপতি  
বিকেবি, শুদ্ধাচার পুরস্কারের  
আঞ্চলিক বাচাই কমিটি